DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 03:14 PM

জাতীয়

# মক্কা চুক্তিতে বাংলাদেশ ইতিবাচকভাবে এগোচ্ছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ০৪ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৪৬ PM



মক্কা চুক্তিতে অংশগ্রহণ করতে বাংলাদেশ ইতিবাচকভাবে এগোচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ড. হুমায়ুন কবির। রবিবার (৩০ আগস্ট) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান তিনি।

ইসলামিক দেশগুলোর নিরাপত্তা কাঠামো বা মক্কা চুক্তিতে বাংলাদেশের অংশগ্রহণ ও ঝুঁকি সম্পর্কিত এক প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন, □বাংলাদেশ দীর্ঘদিন ধরে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিশ্বজুড়ে সফলভাবে শান্তি ও নিরাপত্তা রক্ষায় কাজ করে আসছে। আমাদের শান্তিরক্ষীদের এই দক্ষতা ও অভিজ্ঞতা আন্তর্জাতিকভাবে স্বীকৃত।□

তিনি বলেন, □যদি আমরা সারা বিশ্বে জাতিসংঘ কাঠামোর অধীনে শান্তি রক্ষা করতে পারি, তবে মুসলিমবিশ্বের সংকটকালে আমরা ইতিবাচক ভূমিকা রাখব□এটাই স্বাভাবিক। এটিকে আমরা ইতিবাচক দৃষ্টিকোণ থেকেই দেখছি।□

জোটে যোগদানের কোনো নিরাপত্তা বা কূটনৈতিক ঝুঁকি আছে কি না□এমন প্রশ্নের জবাবে রসাত্মক ভঙ্গিতে হুমায়ুন কবির বলেন, বাঁচার আগে মরার চিন্তা করলে তো লাভ নেই! বিশ্ব রাজনীতি এখন অত্যন্ত পরিবর্তনশীল। কেবল একটি নির্দিষ্ট ব্লকে না থেকে সমন্বিত ও নমনীয়

(ফ্লেক্সিবল) পররাষ্ট্রনীতি নিয়ে এগোতে হবে। মধ্যপ্রাচ্যসহ বিশ্বের যেকোনো প্রান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার উদ্যোগে বাংলাদেশ সব সময় ইতিবাচক ভূমিকা রাখবে।

মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বাংলাদেশের অবস্থান সম্পর্কে তিনি জানান, মধ্যপ্রাচ্যে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি ও বন্ধুত্বের পরিধি এখন আগের চেয়ে অনেক শক্তিশালী।

একইসঙ্গে চীনের সঙ্গে প্রস্তাবিত □টু প্লাস টু□ (পররাষ্ট্র ও প্রতিরক্ষা) স্ট্র্যাটেজিক সংলাপের বিষয়েও প্রক্রিয়া জোরদার হচ্ছে।

চীন ও বাংলাদেশের মধ্যে উচ্চপর্যায়ের কৌশলগত □টু প্লাস টু□ সংলাপের অগ্রগতি সম্পর্কিত এক প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন, টু প্লাস টু ডায়ালগ দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কের সর্বোচ্চ স্তরের কৌশলগত সহযোগিতার প্রতিফলন নির্দেশ করে। এটি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ক্রমবর্ধমান গুরুত্ব ও ভিজিবিলিটিকে প্রমাণ করে।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বিশ্বমঞ্চে বাংলাদেশের ভূ-রাজনৈতিক গুরুত্ব বহুগুণ বেড়েছে। বাংলাদেশ এখন একটি শক্তিশালী অবস্থান থেকে আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে যুক্ত হচ্ছে।

পারস্পরিক সুবিধাজনক সময়ে চীনের সঙ্গে এই সংলাপের দিনক্ষণ চূড়ান্ত হবে।

---


## এ বিভাগের আরও খবর



**কর্ণফুলীতে মাইক্রোবাস-কাভার্ডভ্যান সংঘর্ষে নিহত ৪**
চট্টগ্রামের কর্ণফুলীতে মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহত ব্যক্তিদের মধ্যে...



**ফেনীতে প্রধানমন্ত্রীর সফর স্থগিত**
প্রধানমন্ত্রী তারেক রহমানের আগামী ১৭ সেপ্টেম্বর ফেনী সফর স্থগিত করা হয়েছে। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রী ফেনী সফর করবেন বলে জানিয়েছে...



### নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে শেভরনকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক জ্বালানি কোম্পানি শেভরনকে আরও বেশি বিনিয়োগের আহ...



### পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির

পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, বিমান যোগাযোগ, শিক্ষা ও প্রশিক্ষণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/mkka-chuktite-bangladesh-itibachkbhabe-egochchhe-prrashtr-prtimntri